দৈনিক ইত্তেফাক

JUN 28 2002

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

# গাজীপুরে অধ্যক্ষের অপসারণের দাবীতে ছাত্র-ছাত্রীদের বিক্ষোভ

গাজীপুর সংবাদদাতা ॥ সদর উপজেলার ভাওয়াল মির্জাপুর ডিগ্রী কলেজের অধ্যক্ষ শাহ-ই-আলমের বিরুদ্ধে বিভিন্ন অনিয়ম ও দুর্নীতির প্রতিবাদে এবং অবিলম্বে তার অপসারণের দাবীতে কলেজের ছাত্রছাত্রীরা মঙ্গলবার ক্লাস বর্জন করে, কলেজ ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল করে। পরে বিক্ষুব্ধ ছাত্র-ছাত্রীরা অধ্যক্ষের কক্ষে তালা লাগিয়ে দেয়। এছাড়া কলেজের সমাজকল্যাণ বিভাগের শিক্ষক এ কে এম এরশাদের সভাপতিত্বে শিক্ষক পরিষদের সভায়ও কলেজ অধ্যক্ষের বিভিন্ন অনিয়ম ও দুর্নীতির তদন্ত এবং তার অপসারণ দাবী করা হয়।